

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১১.২৪৩.২১-১৮৭

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৯  
৩১ জুলাই ২০২২

**বিষয়: পরাগণগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়, ভোলা সদর, ভোলা এর অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে সিদ্ধান্তের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ।**

- সূত্র: (১) ৩৭.০২.০০০০.১০৭.০১.৭৮.২০২১/১৯২; তারিখ: ০১/১১/২০২১ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)  
(২) ডিআইএ/ভোলা/১৫০১-এস/খুলনা: ৩৮৮/০৬; তারিখ: ০৮/০৮/২০১৮ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ১১/০৩/২০১৭ তারিখ ভোলা জেলার ভোলা সদর উপজেলাধীন পরাগণগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়টি পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের দফাওয়ারী রডশিট জবাব প্রতিষ্ঠান প্রধান, জেলা শিক্ষা অফিসার এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মতামতসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে এ কার্যালয়ে প্রেরণ করা হয়। গত ১৫/০৩/২০২২ তারিখে “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তের আলোকে পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রডশিট জবাব পর্যালোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

রডশিট জবাব পর্যালোচনায় জনাব তোফাজ্জল হক এর বিপরীতে উত্থাপিত অভিযোগের বিষয়ে দেখা যায়, বর্ণিত অভিযোগটিতে শুধুমাত্র টাকা ফেরতের কথা উল্লেখ করা হয়েছে কিন্তু সুনির্দিষ্টভাবে অভিযোগটি বর্ণনা করা হয়নি বিধায় আপত্তিটি নিষ্পত্তি করা যাচ্ছেনা। বর্ণিত প্রেক্ষাপটে জনাব তোফাজ্জল হক এর বিপরীতে সুনির্দিষ্ট অভিযোগ বিবরণী এবং বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে বিদ্যমান বিধি-বিধানের আলোকে সুনির্দিষ্ট ও সুস্পষ্ট মতামত প্রদান করবেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**মহাপরিচালক**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:**

১. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
২. জেলা শিক্ষা অফিসার, ভোলা
৩. প্রধান শিক্ষক, পরাগণগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়, ভোলা সদর, ভোলা
৪. অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৫. অফিস কপি।

(মোহা: লিয়াকত আলী)

উপসচিব

ফোন - ০২৫৫১০০৮১৭